তারিখ ... 27 DEC 1989 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2

দৈনিক ইনকিলাব

29

090

# শিক্ষাঙ্গন

## মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা পদ্ধতি

আগামী ৫ জানুয়ারী ১৯৯০ সালের মেডিকেল, ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। গত নভেম্বর মাসের মাঝামাঝি সময় থেকে ফরম দেয়া আরম্ভ হয়েছে এবং এই ফরম জমা দেয়ার শেষ তারিখ আগামী ১৪ ডিসেম্বর ১৯৮৯ ইং। প্রতিটি ফরমের সাথে একটি করে "ভর্তি পরীক্ষা সম্বন্ধীয় নির্দেশাবলী" লিখিত একটি কাগজ দেয়া হয়েছে। উক্ত কাগজে উল্লেখিত কিছু নির্দেশাবলী সম্পর্কে আলোচনা হওয়া প্রয়োজন।

ভর্তি পরীক্ষা সম্বন্ধীয় নির্দেশাবলী লিখিত কাগজের ১৫নং নির্দেশে একজন কাল্পনিক পরীক্ষার্থীর উত্তর পত্রের একাংশ তুলে ধরা হয়েছে।

উক্ত উত্তর পত্রে ১টি পশ্নের জন্য সর্বোচ্চ চারটি সম্ভাব্য উত্তর ধরে নিয়ে চারটি বৃত্ত পূরণের চিত্র অংকিত আছে। তাছাড়া উক্ত উত্তর পত্রেই আরও ভিন্ন ভিন্ন দুটো প্রশ্নের জন্য সঠিক উত্তর হিসাবে যথাক্রমে ২টি ও ৩টি বৃত্ত পূরণের চিত্র অংকিত আছে।

আবার কোন উত্তরের জন্য ১টি বৃত্ত পূরণ করা হয়েছে। সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হচ্ছে কোন কোন পরীক্ষার্থী চারটি উত্তরের মধ্যে ১টি উত্তরকেই সর্বোচ্চ সঠিক বলে গ্রহণ করে উত্তরপত্রে মাত্র একটি বৃত্ত পূরণ করবেন। কিন্তু যদি উক্ত নির্দিষ্ট প্রশ্নের জন্য সম্ভাব্য সঠিক দুটো উত্তর হয় তবে পূর্বে উল্লেখিত কাগজের ১৫নং নির্দেশ অনুযায়ী অপর একজন পরীক্ষা সঠিক উত্তরের জন্য দুটো বৃত্ত পূরণ করবেন। সুতরাং দেখা যাচ্ছে একটি নির্দিষ্ট প্রশ্নের জন্য একজন পরীক্ষার্থী ১টি এবং অপরজন দুটো বৃত্ত পূরণ করবেন। এ ক্ষেত্রে দু'জন পরীক্ষার্থীর মাঝে নিশ্চয়ই নম্বরের ব্যবধান ঘটতে পারে। কেউ দুটো উত্তরের জন্য সম্পূর্ণ নম্বর পাবে এবং কেউ ১টি উত্তরের জন্য অর্ধেক নম্বর পাবে।

তাছাড়া যে প্রশ্নের সম্ভাব্য চারটি সঠিক উত্তর রয়েছে সে প্রশ্ন উত্তরের নির্ধারিত নম্বর চারটি ভাগে বিভক্ত। সুতরাং যে পরীক্ষার্থী উক্ত উত্তরের জন্য চারটি বৃত্তই পূরণ করবে শুধুমাত্র সেই পরীক্ষার্থী পুরো নম্বর পাবে। ভর্তি পরীক্ষায় ১৫০টি প্রশ্ন থাকিবে এবং প্রতি প্রশ্নের জন্য এক নম্বর করে মোট ১৫০ নম্বরের পরীক্ষা দুই ঘন্টায় শেষ হবে। অতএব চারটি সম্ভাব্য সঠিক উত্তর সম্বলিত প্রশ্নে কোন পরীক্ষার্থী যদি ১টি সঠিক উত্তরের জন্য মাত্র একটি বৃত্ত পূরণ করে তবে সে উক্ত প্রশ্নের জন্য নির্ধারিত এক নম্বরের চার ভাগের এক অংশ পাবে। এতে পরীক্ষার্থীকে প্রাপ্ত নম্বর প্রদানে যথেষ্ট সমস্যার সৃষ্টি হবে। সুতরাং আগামী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী সকল ছাত্র-ছাত্রীর সুবিধার জন্য উল্লেখিত বিষয়টি বিবেচনা করে দেখার প্রয়োজন রয়েছে।

—শাকিল আহমদ ফেরদৌস